

## কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ৯১. মোরগকে গালি দেয়া

যায়েদ বিন্ খালিদ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَسُبُّوا الدِّيْكَ ؛ فَإِنَّهُ يُوْقِظُ للصَّلاَةِ

"তোমরা মোরগকে গালি দিও না। কারণ, সে মুসল্লীদেরকে নামাযের জন্য জাগিয়ে তোলে"।[1] আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا سَمِعْتُمْ صِيَاحَ الدِّيكَةِ ؛ فَسَلُوْا اللهَ تَعَالَى مِنْ فَضْلِهِ ؛ فَإِنَّهَا رَأَتْ مَلَكًا ، وَإِذَا سَمِعْتُمْ نَهِيْقَ الْحِمَارِ ؛ فَتَعَقَّذُوْا بِاللهِ مِنَ الشَّيْطَانِ ؛ فَإِنَّهَا رَأَتْ شَيْطَانًا

"তোমরা যখন মোরগের ডাক শুনবে তখন তোমরা আল্লাহ্ তা'আলার একান্ত অনুগ্রহ কামনা করবে। কারণ, মোরগটি তখন নিশ্চয়ই ফিরিপ্তা দেখেছে। আর যখন তোমরা গাধার ডাক শুনবে তখন তোমরা শয়তানের অনিষ্ট থেকে আল্লাহ্ তা'আলার আশ্রয় কামনা করবে। কারণ, গাধাটি তখন নিশ্চয়ই শয়তান দেখেছে"।[2]

## ফুটনোট

- [1] (আবু দাউদ, হাদীস ৫১০১)
- [2] (আবু দাউদ, হাদীস ৫১০২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11341

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন